
# আসন্ন শারদীয়া উৎসব ও দীপাবলী উপলক্ষে



## পশ্চিমবঙ্গ অগ্নিনির্বাপন ও জরুরী পরিষেবা দপ্তরের আবেদন

WE SERVE TO SAVE

DEPARTMENT OF FIRE AND EMERGENCY SERVICES

**Just Dial : 101**

WE SERVE TO SAVE
DEPARTMENT OF FIRE AND EMERGENCY SERVICES

## আসন্ন শারদীয়া উৎসব ও দীপাবলী উপলক্ষে

## পশ্চিমবঙ্গ অগ্নিনির্বাপন ও জরুরী পরিষেবা দপ্তরের আবেদন

সাধারণ মানুষের বহু প্রতীক্ষার, অধীর আগ্রহের পথ বেয়ে, প্রাণে খুশির জোয়ার তুলে আবার এলো শারদীয়া ও দীপাবলী উৎসব। এই উৎসবকে ঘিরে সারা রাজ্যজুড়ে শুরু হয় নানা আনন্দ অনুষ্ঠান - তৈরী হয় শিল্প সুষমায় ভরা দৃষ্টিনন্দন বহু অস্থায়ী মণ্ডপ - আলোকসজ্জার যাদুভরা ও মোহময়ী সাজে সেগুলি হয়ে ওঠে নান্দনিক ও বর্ণোজ্জ্বল। আবালবৃদ্ধ বনিতা অংশ নেয় এই উৎসব অনুষ্ঠানে। সেই আনন্দের দিনগুলি নিরাপদে অতিবাহিত হোক-এ আমার আপনার প্রত্যেকের কামনা। তবুও অসাবধানতা বশত কখনও কখনও সেই সব মণ্ডপে অগ্নিকাণ্ডজনিত দুর্ঘটনা ঘটে যায়। আনন্দ পরিণত হয় নিরানন্দে। আমরা সবাই যদি একটু সচেতন থাকি তবে এ জাতীয় অগ্নিকাণ্ড সহজেই পরিহার করা যায়। মণ্ডপ তৈরির সময় ও পরে যেমন উদ্যোক্তাদের অবশ্যপালনীয় কিছু দায়িত্ব থাকে, তেমনই জনসাধারণেরও দায়িত্ব থেকে যায় অগ্নি-সচেতন হয়ে ওঠার ক্ষেত্রে। প্রত্যেকটি শুভবুদ্ধি সম্পন্ন মানুষের কাছে আবেদন, আপনারা সকলে সতর্ক থাকুন যাহাতে শারদীয়া ও দীপাবলী উৎসবের দিনগুলিতে অগ্নিজনিত কোন বিপদ না ঘটে।

পূজার উৎসব মুখর দিনগুলি আরও সুন্দর, আরও নিরাপদ ও আনন্দমুখর করে তোলার জন্য প্রতিবারের মতো এবারও মানুষের জীবন ও সম্পত্তি রক্ষায় নিবেদিত প্রাণ সদাজাগ্রত অগ্নিনির্বাপন কর্মী-বন্ধুগণ আপনাদের সেবায় সবসময় তাদের দায়িত্ব পালন করে যাবে - আপনাদের সহযোগিতা ও সহানুভূতি দায়বদ্ধতার গণ্ডি পেরিয়ে তাদের আরও বেশি দায়িত্ব পালনে উদ্বুদ্ধ করুন এই কামনা করি।

## অগ্নিজনিত দুর্ঘটনা রোধে আপনার অবশ্য পালনীয় কর্তব্যগুলি জেনে নিন

### সাধারণ নির্দেশাবলী ঃ

- অস্থায়ী পূজো মণ্ডপ তৈরী করার আগে অগ্নিনির্বাপন ও জরুরী পরিষেবা দপ্তরের অনুমতি নেওয়া বাধ্যতামূলক এবং যে সমস্ত নির্দেশ আছে তা অবশ্যই মেনে চলতে হবে।
- বসত্ বাড়ীর লাগোয়া কোন পূজো মণ্ডপ তৈরী করবেন না। অগ্নিনির্বাপন ও জরুরী পরিষেবা দপ্তরের গাড়ী যাতায়াতের জন্য পর্যাপ্ত রাস্তা উন্মুক্ত রাখুন এবং এ সংক্রান্ত নির্দেশ অবশ্যই মেনে চলুন।
- পূজো মণ্ডপের সামনে পর্যাপ্ত উন্মুক্ত জায়গা অবশ্যই রাখুন যাহাতে অগ্নিনির্বাপন ও জরুরী পরিষেবা দপ্তরের গাড়ী বিনা বাধায় মণ্ডপের কাছে পৌঁছতে পারে।
- পূজো মণ্ডপের ভিতর সর্বক্ষণের স্বেচ্ছাসেবক অবশ্যই রাখবেন। বিশেষতঃ ভীড়ের সময় সঠিকভাবে তত্ত্বাবধান করুন, নিকটস্থ অগ্নিনির্বাপন ও জরুরী পরিষেবা কেন্দ্রের টেলিফোন নম্বরগুলি সকলের দৃষ্টিগোচরে বড় অক্ষরে লিখে রাখুন।

### পূজো মণ্ডপে বিদ্যুতের ব্যবহার সম্পর্কিত নির্দেশাবলী ঃ

- পূজো মণ্ডপে ব্যবহৃত বৈদ্যুতিক তার, সুইচ্ ইত্যাদির মান যেন ভালো হয় সেদিকে বিশেষ দৃষ্টি দিন, বিভিন্ন অংশের জন্য পৃথক সার্কিট ব্রেকার সুইচ্ ব্যবহার করুন, বিদ্যুতের কাজে ব্যবহৃত জিনিসপত্র আই.এস.আই. মার্ক হওয়া বাঞ্ছনীয়।
- সরকার অনুমোদিত ইলেকট্রিশিয়ান দিয়ে যাবতীয় বৈদ্যুতিক কাজকর্ম করাবেন।
- বিদ্যুৎ পরিবাহী তার যেন সঠিক মানের হয় সেদিকে বিশেষ দৃষ্টি দিন, ঐ তার যথা সম্ভব জোড়াতালি এড়িয়ে বৈদ্যুতিক কাজ করান।
- ইলেকট্রিক মেন সুইচ্ বোর্ড, অস্থায়ী মিটার বোর্ড ইত্যাদি মূল মণ্ডপ থেকে দূরে রাখুন। ইলেকট্রিক অথরিটি ব্যতীত বাড়ীর মিটার থেকে বিদ্যুৎ সংযোগ নেবেন না। বিদ্যুৎ পরিবাহী তারের উপর অতিরিক্ত চাপ বাড়াতে হুকিং করবেন না।

- মণ্ডপের কাপড় বা অন্যান্য দাহ্যবস্তুর লাগোয়া বিদ্যুৎ পরিবাহী তার এবং বৈদ্যুতিক বাতি লাগাবেন না, অন্তত ১ ফুট নিরাপদ দূরত্ব বজায় রাখুন।
- রাস্তায় বৈদ্যুতিক আলোকমালা লাগানোর সময় নিরাপদ দূরত্ব বজায় রাখুন যাহাতে অগ্নিনির্বাপন ও জরুরী পরিষেবা দপ্তরের গাড়ী চলাচলে বাধাপ্রাপ্ত না হয় এবং দর্শনার্থীদের কোন বিপদ না হয়।

## মণ্ডপের অগ্নিনিরাপত্তা সম্পর্কিত নির্দেশাবলী ঃ

- প্রত্যেকটি পূজা মণ্ডপে অগ্নিনির্বাপনের প্রাথমিক ব্যবস্থা অবশ্যই রাখবেন। যেমন - ২ বালতি শুকনো বালি, আঁকশি, প্রাথমিক অগ্নিনির্বাপন যন্ত্র ইত্যাদি প্রস্তুত রাখুন। অগ্নিনির্বাপন যন্ত্রের ব্যবহার অবশ্যই জেনে রাখুন। প্রয়োজনে নিকটস্থ অগ্নিনির্বাপন কেন্দ্রের সহযোগীতা নিন।
- পূজো মণ্ডপের নিকটস্থ বহুতল বাড়িগুলির ছাদে ব্যারেলে (বড় ড্রামে) পর্যাপ্ত পরিমান জল, হোস্‌পাইপ মজুত রাখুন এবং প্রয়োজনে ব্যবহার করুন।
- পূজো মণ্ডপের আশেপাশে অস্থায়ী স্টলগুলিতে উন্মুক্ত আগুনের ব্যবহার যেন না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখবেন।
- পূজো মণ্ডপের ভিতরে বা আশেপাশে ধূমপান করবেন না এবং করতে দেবেন না। সকলের দৃষ্টিগোচরে "ধূমপান নিষেধ" বোর্ড বড় অক্ষরে অবশ্যই লাগান এবং নিয়মিত মাইকে ঘোষণা করুন।
- পূজো মণ্ডপের কাছে কখনই বাজি পোড়াবেন না এবং বাচ্চারা যাতে বাজি না পোড়ায় সেদিকে সতর্ক দৃষ্টি রাখবেন।
- যে সমস্ত পূজোতে ভোগ রান্না হয়, তা যেন মূল মণ্ডপ থেকে অন্তত ২০০ ফুট দূরে টিন দিয়ে ঘেরা জায়গায় অবশ্যই হয়।
- পূজো মণ্ডপে প্রদীপ এবং অন্যান্য আগুন জ্বালানোর ক্ষেত্রে অতি সতর্কতা অবলম্বন করুন, ব্যবহৃত আগুন আচ্ছাদিত অবস্থায় রাখুন।

## আপতকালীন নির্গমন সম্পর্কিত নির্দেশাবলী ঃ-

- পূজো মণ্ডপের প্রবেশ দ্বার এবং নির্গমনের পথ ১৪ ফুট চওড়া এবং ১২ ফুট উচ্চতা অবশ্যই রাখতে হবে, বিশেষতঃ একাধিক নির্গমনের পথ অবশ্যই রাখতে হবে।
- যে সমস্ত পূজাগুলিতে বাঁশের ব্যারিকেড তৈরী করা হয় বা মণ্ডপ টিন দিয়ে ঘিরে দেওয়া হয় সেখানে জরুরী নির্গমনের পথ অবশ্যই রাখতে হবে।
- মণ্ডপের ভেতর অতিরিক্ত ভীড় এড়াতে, প্রতিমা দর্শন হয়ে গেলে দর্শনার্থীদের সুষ্ঠভাবে নির্গমনের ব্যবস্থা করুন।
- দায়িত্বশীল স্বেচ্ছাসেবক নিয়োগ করুন আপতকালীন পরিস্থিতির মোকাবিলায়।

## পশ্চিমবঙ্গের বিভিন্ন এলাকার গুরুত্বপূর্ণ অগ্নিনির্বাপন ও জরুরী পরিষেবা কেন্দ্রগুলির সহায়ক টেলিফোন নম্বর

| | | |
|---|---|---|
| **DIVISION-COOCHBEHAR** | | |
| Coochbehar Fire Station (HQ) | - | 03582 229101 |
| Dinhata Fire Station | - | 03581 255115 |
| Mekliganje Fire Station | - | 03584 255250 |
| Tufangange Fire Station | - | 03582 244203 |
| Mathabhanga Fire Station | - | 03583 255298 |
| **DIVISION-DARJEELING** | | |
| Siliguri Fire Station (HQ) | - | 0353 2502222, 0353 2501867 |
| Darjeeling Fire Station | - | 03542 259333, 0354 2252121 |
| Karseong Fire Station | - | 03542 344411 |
| Bijonbari Fire Station | - | 03542 260503 |
| Kalimpong Fire Station | - | 03552 255450, 03552 255101 |
| Matigara Fire Station | - | 03532 571999 |
| **DIVISION-JALPAIGURI** | | |
| Jalpaiguri Fire Station (HQ) | - | 03561 230129,03561 229611 |
| Alipurduar Fire Station | - | 03564 257503 |
| Hansimara Fire Station | - | 03566 240101 |
| Malbazar Fire Station | - | 03562 255080 |
| Dhupguri Fire Station | - | 03563 250001 |
| **DIVISION-MALDA** | | |
| English Bazar Fire Station (HQ) | - | 03512 278854 |
| Chanchol Fire Station | - | 03513 252101 |
| **DIVISION-UTTAR DINAJPUR & DAKSHIN DINAJPUR** | | |
| Raigange Fire Station (HQ) | - | 03523252222 |
| Islampur Fire Station | - | 03526255065 |
| Dalkhola Fire Station | - | 03525257005 |

| | | |
|---|---|---|
| Kaliaganj Fire Station | - | 03522 30201904, 0352 3861909 |
| Baalurghat Fire Station | - | 03522 255613 |
| Gangarampur Fire Station | - | 03521 256800 |
| **DIVISION-MURSHIDABAD** | | |
| Berhampore Fire Station (HQ) | - | 03482 253601 |
| Dhulian Fire Station | - | 03485 266200 |
| Kandi Fire Station | - | 03484 256292 |
| **DIVISION-PURULIA & BANKURA** | | |
| Bankura Fire Station (HQ) | - | 03242 243291 |
| Bishnupur Fire Station | - | 03244256172 / 80 |
| Purulia Fire Station | - | 03252 222201 |
| Santaldihi Fire Station | - | 03251 260238 |
| Raghunathpur Fire Station | - | 03251 255388 |
| **DIVISION-BIRBHUM** | | |
| Suri Fire Station (HQ) | - | 03462 255500 |
| Rampurhat Fire Station | - | 03461 255101 |
| Bolpur Fire Station | - | 03463 252301 |
| **DIVISION-BURDWAN** | | |
| Burdwan Fire Station (HQ) | - | 0342 2657901 |
| Kalna Fire Station | - | 03454257101 |
| Durgapur Fire Station | - | 0343 2546061/62 |
| Assansol Fire Station | - | 0341 2304506 |
| Ranigange Fire Station | - | 0341 2445104 |
| Panagarh Fire Station | - | 0343 2554255 |
| Bhatar Fire Staion | - | 03422 322261 |
| Katwa Fire Station | - | 03453 255555 |
| Labourhat Fire Station | - | 0343 2556866 |

## আপনাদের সেবা করতে আমাদের সহযোগীতা করুন।

- বিনা প্রয়োজনে বা নিছক রসিকতার জন্য অগ্নিনির্বাপন ও জরুরী পরিষেবা দপ্তরকে ডাকবেন না।
- অগ্নিনির্বাপন ও জরুরী পরিষেবা দপ্তরের গাড়ী ভাঙচুর করলে প্রত্যক্ষভাবে সরকারের ক্ষতি, কিন্তু পরোক্ষভাবে আপনারই বেশি ক্ষতি।
- অগ্নিনির্বাপন ও জরুরী পরিষেবা দপ্তরের কর্মচারীরা আপনার বন্ধু। আরো ভালোভাবে আপনার সেবা করার জন্য তাঁদের সঙ্গে সহযোগীতা করুন।

আপনি যখন আপনার প্রিয়জন ও বন্ধুবান্ধবের সঙ্গে উৎসবের আনন্দ উপভোগ করবেন, তখন কয়েক হাজার অগ্নিনির্বাপন ও জরুরী পরিষেবা দপ্তরের কর্মী আপনার অগ্নিদুর্ঘটনাজনিত নিরাপত্তার স্বার্থে দিনরাত অতন্দ্র প্রহরী হয়ে কর্মরত থাকবেন।

## অগ্নিনির্বাপন বিধি না মানা দণ্ডনীয় অপরাধ